

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী।

কোম্পানীগঞ্জ উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

১। সভাপতিঃ বেগম আরজুমান পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী

ও

সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি।

সভার তারিখ ২৭/০৪/২০২২ইং

সভার সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা

সভার স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট- "ক"

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে CDSP-IV প্রকল্পের আওতায় কোম্পানীগঞ্জ উপজেলার চর এলাহী ইউনিয়নের উরির চর এ হতদরিদ্র পরিবারের আর্সেনিক মুক্ত নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে ৮০টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং নলকূপের স্থাপন কাজ চলমান আছে।

৪। ২০২১-২০২২ অর্থ বছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" (SWSC) প্রকল্পের আওতায় চর কাকড়া ইউনিয়নের পেশকার হাট রাস্তার মাথায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ স্কিমের জন্য ০২টি Test Tube-Well, ০২টি Production Tube-Well, ০১টি Pump House, ০১টি RCC Over Head Water Tank, ০১টি Arsenic & Iron Removal Plant নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। চর কাকড়ার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সার্বিক সহযোগিতায় প্রকল্পের কার্যক্রম চলমান আছে।

৪। ২০২০-২১ অর্থ বছরে বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় বসুরহাট পৌরসভায় 23.80 Kms Pipe line, 2145 House Connection With Meter & 10 Street Hydrants স্থাপনের বরাদ্দ পাওয়া গেছে এবং পাইপ লাইন স্থাপন কাজ শুরু হয়েছে। প্রকল্পের অন্যান্য কার্যক্রম চলমান আছে।

৫। কোম্পানীগঞ্জ উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত বাসগৃহে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য ২৮টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং নলকূপের স্থাপন কাজ চলমান আছে।

৬। পল্লী অঞ্চলে পানি সরবরাহ (VWSP) প্রকল্পের আওতায় জনসাধারণের নিরাপদ পানির সুব্যবস্থা নিশ্চিত করতে সরকারী খাস জমিতে ১০ টি বড় আকারের পুকুর খননের কাজ শেষ হয়েছে। পুকুরের পানি বিশুদ্ধকরণের জন্য ১০টি ৫০০০লিটার ক্যাপাসিটির পন্ড স্যাভ ফিল্টার (PSF)এর বরাদ্দ পাওয়া গিয়াছে এবং নির্মাণ কাজ চলমান আছে।

যথাসময়ে কাজ সম্পন্ন করার লক্ষ্যে তদারকি অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বেগম আরজুমান পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান

কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী

ও

সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি।

তারিখঃ ২৭/০৪/২০২২ইং

স্মারক নংঃ ৪৪/২

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। উপজেলা চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী।

২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী।

(উপ-সহকারী প্রকৌশলী)

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী





ও সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি।

পরিশিষ্ট "ক"

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

তারিখঃ ২৭/০৪/২০২২

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	বেগম আরজুমান পারভীন মহিলা ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী	সভাপতি	
২	আজম পাশা চৌধুরী ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী	সদস্য	
৩	মোহাম্মদ জায়দল হক চেয়ারম্যান ৫নং চরফকিরা ইউ পি	সদস্য	
৪	সিরাজিস সালেকিন রিমন চেয়ারম্যান ৬ নং রামপুর	সদস্য	
৫	মাস্টিন উদ্দিন উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব	